COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 2nd Semester Examinations, 2022

BENGALI

ছন্দ ও অলঙ্কার

DSC (GROUP-1)

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) পূর্ণযতি কাকে বলে ?

(খ) একটি রুদ্ধ দলের দৃষ্টান্ত দাও।

(গ) অতিপর্ব বলতে কী বোঝায় ?

(ঘ) মিশ্র কলাবৃত্ত ছন্দের অন্য একটি নাম লেখো।

(ঙ) প্রস্বর কাকে বলে ?

(চ) বাংলা সনেটের প্রথম প্রবর্তক কে ?

(ছ) 'মাত্রা' কথার অর্থ কী ?

(জ) একটি অনুপ্রাসের দৃষ্টান্ত দাও।

(ঝ) উৎপ্রেক্ষা কত প্রকার ও কী কী ?

(ঞ) 'চোখে চোখে কথা নয়গো বন্ধু,
আগুনে আগুনে কথা' — এখানে কোন্ অলঙ্কার হয়েছে ?

(ট) সাদৃশ্যবাচক শব্দের দৃষ্টান্ত দাও।

(ঠ) একটি লুপ্তোপমার দৃষ্টান্ত উল্লেখ করো।

(ড) 'পর্বত চাহিল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ' — এটি কোন্ অলঙ্কারের দৃষ্টান্ত ?

(ঢ) অনুপ্রাস কথার অর্থ কী ?

(ণ) 'দেবতা আশিস ছলে বরষে শিশির' — এটি কোন্ অলঙ্কার ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো *দুটি*) ২.৫×২ = ৫

শ্লেষ, বক্রোক্তি, উৎপ্রেক্ষা, সমাসোক্তি

(খ) অলঙ্কার নির্ণয় করোঃ (যে-কোনো *দুটি*) ২.৫×২ = ৫

(অ) ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলে চিল।

(আ) বিরতি আহারে রাঙ্গা বাস পরে
যেমত যোগিনী পারা।

(ই) একটি চুম্বন
ললাটে রাখিয়া যাও একান্ত নির্জন
সন্ধ্যার তারার মতো।

(গ) দৃষ্টান্তসহ অতিশয়োক্তি অলঙ্কারের পরিচয় দাও। ৫

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ (যে-কোনো *দুটি*) ৫×২ = ১০

(অ) মন্দির বাহির কঠিন কবাট,
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।

(আ) আপাতত এই আনন্দে গর্বে বেড়াই নেচে,
কালিদাস তো নামেই আছেন আমি আছি বেঁচে।

(ই) জন্মেছি যে মর্ত্যলোকে ঘৃণা করি তারে,
ছুটিব না স্বর্গ আর মুক্তি খুঁজিবারে।

(খ) স্বরবৃত্ত ছন্দ অন্য আর কী কী নামে পরিচিত ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) অনুপ্রাস অলঙ্কারের বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ বিষয়ে উদাহরণসহ আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) শব্দালঙ্কার কাকে বলে ? দৃষ্টান্তসহ শব্দালঙ্কারের শ্রেণিবিভাগগুলির পরিচয় দাও।

(খ) ছন্দের শোষণশক্তি বলতে কী বোঝায় ? ছন্দের শোষণশক্তি বিষয়ে দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

(গ) উৎপ্রেক্ষা ও অতিশয়োক্তি অলঙ্কারের তুলনামূলক আলোচনা করো।

——×——